

স্মারক নং- ৪৩.২৬.১০০০.০০২.২৩.০০১.১৮.১৪৮

তারিখ: ১৫ শ্রাবণ, ১৪৩০
৩০ জুলাই, ২০২৩

বিষয়: ১৫ আগস্ট জাতীয় শোক দিবস-২০২৩ উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা।

১৫ আগস্ট জাতীয় শোক দিবস-২০২৩ উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন উডবার্ণ সরকারি গণগ্রন্থাগার, বগুড়ায় নিম্নোক্ত বিষয়ে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

ক) রচনা প্রতিযোগিতা:

ক্র: নং	গ্রুপ	শ্রেণিসীমা	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা	রচনা জমা দেয়ার শেষ তারিখ ও সময়
১	ক	৫ম - ৮ম	আমাদের জাতির পিতা	১০০০	স্থান: উডবার্ণ সরকারি গণগ্রন্থাগার, বগুড়া তারিখ: ১৪ আগস্ট, ২০২৩ খ্রিঃ সময়: বিকাল ০৪.০০ টা পর্যন্ত।
২	খ	৯ম - দ্বাদশ	স্বাধীনতার স্থপতি বঙ্গবন্ধু	১২০০	
৩	গ	মাতক/মাতাকোত্তর/ সর্বসাধারণ	বঙ্গবন্ধুর সংগ্রামী জীবনে বেগম ফজিলাতুন নেছা মুজিবের অবদান	১৫০০	

খ) চিত্রাংকন প্রতিযোগিতা:

ক্র: নং	গ্রুপ	শ্রেণিসীমা	চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়	প্রতিযোগিতার স্থান, তারিখ ও সময়
১	ক	অনূর্ধ্ব ৭ বছর	উন্মুক্ত	স্থান: উডবার্ণ সরকারি গণগ্রন্থাগার, বগুড়া এর পাঠকক্ষ। তারিখ: ১৪ আগস্ট, ২০২৩ খ্রিঃ সময়: সকাল ১১.০০ টা।
২	খ	৮-১২ বছর	শিশুদের সঙ্গে বঙ্গবন্ধু	
৩	গ	বিশেষ (প্রতিবন্ধী)	উন্মুক্ত	

শর্তাবলী :

১. রচনা A4 সাইজের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার এক পাশে লিখতে হবে। উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
২. ছাত্র-ছাত্রীদের স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নসহ রচনা জমা দিতে হবে এবং অন্যান্য প্রতিযোগীর ক্ষেত্রে জাতীয় পরিচয় পত্রের অনুলিপি/প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ রচনা জমা দিতে হবে।
৩. প্রত্যেক প্রতিযোগীকে অবশ্যই পূর্ণনাম, পিতা ও মাতার নাম, সচল ফোন নম্বর ও ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
৪. চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রতিযোগীদেরকে কাগজ ব্যতীত অন্যান্য উপকরণ সঙ্গে আনতে হবে।

উল্লিখিত অনুষ্ঠানসমূহে আপনার প্রতিষ্ঠানের শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণ নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/অফিস প্রধান

স্বাক্ষরিত

বগুড়া।

Am

৩০.০৭.২০২৩

মোঃ আমির হোসেন

সহকারী লাইব্রেরিয়ান

উডবার্ণ সরকারি গণগ্রন্থাগার

বগুড়া।

ফোন: +৮৮০২৮৮৮১৩১৪৪

E mail dgplbogura19@gmail.com

কেবলমাত্র রাষ্ট্রীয় কার্যে ব্যবহৃত



প্রেরক
জেলা সরকারি গণ গ্রন্থাগার
বগুড়া